



## উচ্চশিক্ষা

# বিশ্ববিদ্যালয়ে কর্মসংশ্লিষ্ট উচ্চশিক্ষায় কাজ করবে কানাডা ও বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এবং কানাডার ডেপুটি মিনিষ্টার অব ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট ক্রিস্টোফার ম্যাক লিনানের মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক হয়েছে ছবি: শিক্ষা মন্ত্রণালয়ের ফেসবুক থেকে নেওয়া

কর্মসংস্থান সৃষ্টিতে বিশ্ববিদ্যালয়গুলো কর্মসংশ্লিষ্ট এবং শ্রমবাজার-সংশ্লিষ্ট উচ্চশিক্ষা ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানে কাজ করবে কানাডা ও বাংলাদেশ। স্মার্ট বাংলাদেশ গড়তে সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টিতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল রোববার সচিবালয়ে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এবং বাংলাদেশে সফররত কানাডার ডেপুটি মিনিষ্টার অব ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট ক্রিস্টোফার ম্যাক লিনানের মধ্যে এক দ্বিপক্ষীয় বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ফেসবুক পেজে এ তথ্য জানানো হয়েছে।

বৈঠকে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত কানাডার হাইকমিশনার লিলি নিকোলস, বাংলাদেশে নিযুক্ত কানাডার হেড অব কো-অপারেশন (বাংলাদেশ ডেভেলপমেন্ট প্রোগ্রাম) জো গুডিংনস, বাংলাদেশে নিযুক্ত কানাডার হেড অব কো-অপারেশন (রোহিঙ্গা প্রোগ্রাম) বিবেক প্রকাশ, বাংলাদেশে নিযুক্ত কানাডার অ্যাকাটিং পলিটিক্যাল কাউন্সিলর সিয়োবহান কার প্রমুখ।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো